



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর



সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)

[www.sesip.gov.bd](http://www.sesip.gov.bd)

স্মারক নং : মাউশি/সেসিপ/১-৩১/বিবিধ/২০১৪/২২৩৬

তারিখ : ২৩ আশ্বিন ১৪২৭  
০৮ অক্টোবর ২০২০

বিষয়: সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর আওতায় কর্মরত কর্মকর্তাগণের কার্যক্রম মনিটরিং প্রসঙ্গে।

সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর আওতায় মাউশি অধিদপ্তরের উপজেলা, জেলা ও আঞ্চলিক কার্যালয়ের সক্ষমতা বৃদ্ধির নিমিত্ত জনবল নিয়োগ করা হয়েছে। এ সকল পদের অধিকাংশ পূর্ববর্তী সেসিপ (১৯৯৯-২০০৭) এর আওতায় উন্নয়ন বাজেটে সৃজিত হয়েছে এবং পরবর্তী ধারাবাহিক প্রকল্পসমূহের আওতায় বিদ্যমান রয়েছে। এ জনবল মাঠপর্যায়ের দপ্তরসমূহের দৈনন্দিন কার্যক্রম বাস্তবায়নে দায়িত্ব পালনের পাশাপাশি শিক্ষাপ্রতিষ্ঠান পরিবীক্ষণের মাধ্যমে গুণগত শিক্ষার জাতীয় লক্ষ্যমাত্রা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সেসিপ-এর আওতায় নিয়োজিত বর্ণিত জনবল মাউশি অধিদপ্তরের মাঠপর্যায়ের দপ্তরসমূহের জন্য অত্যাবশ্যিকীয়। চলমান করোনা পরিস্থিতিতে সেসিপ-এর আওতায় নিয়োজিত এ জনবল শিক্ষা মন্ত্রণালয় গৃহীত বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের (যথা: অনলাইন ক্লাস আয়োজনে শিক্ষকদের সহায়তা প্রদান এবং অনলাইন শ্রেণি কার্যক্রম মনিটরিং) পাশাপাশি করোনা পরিস্থিতি মোকাবেলায় বিভিন্ন জাতীয় কর্মসূচি বাস্তবায়নে (যথা: ত্রাণ বিতরণ) গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

২। সেসিপ-এর মেয়াদ ডিসেম্বর, ২০২০ এ সমাপ্তির জন্য নির্ধারিত থাকলেও বর্তমানে মেয়াদ বৃদ্ধির প্রক্রিয়া চলমান। এ পরিপ্রেক্ষিতে স্ব দপ্তরে/অধিক্ষেত্রে সেসিপ-এর আওতায় নিয়োজিত জনবলের দায়িত্ব পালনের বিষয়টি নিয়মিত মনিটরিং-এর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। বিদ্যমান করোনা পরিস্থিতিতে মাঠপর্যায়ে সেসিপ-এর আওতায় কর্মরত কোনো জনবলের দায়িত্ব পালনে শৈথিল্য পরিলক্ষিত হলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫.১০.২০২০  
(প্রফেসর ড. সামসুন নাহার)

যুগ্ম প্রোগ্রাম পরিচালক (অ. দা.)

☎ ৯৫৫৩৭১২

বিতরণ:

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা (সকল অঞ্চল)
২. উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চশিক্ষা (সকল অঞ্চল)
৩. জেলা শিক্ষা অফিসার (সকল)
৪. থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

অনুলিপি:

১. প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. উপপরিচালক (প্রশাসন/প্রোগ্রাম/ইকুইটি), এসপিএসইউ, সেসিপ, শিক্ষা ভবন, ঢাকা।
৩. অফিস কপি।